

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৭

আগরতলা, ১২ মে, ২০১৯

পুনর্ভোট : ভোট পড়েছে ৭২.৩ শতাংশ

আজ ১-পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ১৬৮টি ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ করা হয়। আজ বিকাল পাঁচটা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী ১৬৮টি ভোটকেন্দ্রে গড়ে ভোট পড়েছে ৭২.৩ শতাংশ। আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন দপ্তরে সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি। সাংবাদিক সম্মেলনে বিশেষ মুখ্য নির্বাচন আধিকারিক পি আর ভট্টাচার্য এবং অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ মগ উপস্থিত ছিলেন।
